

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-১ অধিশাখা


নং-৪২.০০.০০০০.০৩৪.৩১.০০৩.১৩-৩৭৪

৫ ভাদ্র ১৪২৪
তারিখ : -----
২০ আগস্ট ২০১৭

পরিপত্র

পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত/বাস্তবায়নযোগ্য প্রকল্পের কাজের স্বচ্ছতা নিশ্চিতকরণ, জনসচেতনতা বৃদ্ধি, বাস্তবায়ন পরবর্তী কার্যক্রম বিষয়ে বিভিন্ন সময়ে বিভিন্ন নির্দেশনা রয়েছে। তৎপ্রেক্ষিতে বাস্তবায়িত/বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ডিপিপি-তে নিম্নরূপ বিষয়সমূহের সংস্থান রাখা নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) প্রকল্প বাস্তবায়নকালে বা বাস্তবায়ন শেষে প্রকল্পভুক্ত কাজটি যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বা সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক সম্পাদিত হয়েছে, সে সম্পর্কে একটি স্থায়ী সাইনবোর্ড বা ফলক প্রকল্প এলাকায় স্থাপন করা;
- (খ) ড্রেজিং-এর মাধ্যমে যে পলি/কাদা বা silt নদী তীরে ফেলা হয় সেজন্য spoil management সুনিশ্চিত করা এবং এজন্য যথাযথ ড্রেসিং এবং স্থায়ীত্বের জন্য পর্যাপ্ত ঘাস লাগানোর ব্যবস্থা করা;
- (গ) নদী তীর সংরক্ষণের সাথে নদী তীরে বৃক্ষরোপণের ব্যবস্থা ও সাইনবোর্ড স্থাপন করে তা দৃশ্যমান করা। এই বৃক্ষরোপণ বনবিভাগের বনায়ণ কার্যক্রমের অতিরিক্ত হবে;
- (ঘ) নদী তীর সংরক্ষণের সময় বহুল ব্যবহৃত স্থানে সাইন বোর্ডসহ স্থায়ী ঘাটলা নির্মাণ করা;
- (ঙ) প্রকল্পের শুরু, মধ্যপর্যায়ে এবং শেষ পর্যায়ে কর্মশালা/ওয়ার্কশপের আয়োজন করা যেখানে স্থানীয় প্রশাসন, সুধীজন, বিশেষজ্ঞ ও সুবিধাভোগী/সুবিধাপ্রত্যাশী ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।


২০.৬.১৭
(নুজহাত ইয়াসমিন)
যুগ্মসচিব
৯৫৭৬৭৭৮

বিতরণঃ

- ১। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
- ২। মহাপরিচালক, হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ৩। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ৪। মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর।
- ৫। যুগ্মপ্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।